152

দৈনিক বাংলা

তারিখ 23 AUG 1990
পৃষ্ঠা ৮ কলাম ৫

## প্রতিবাদে সমাবেশ ঃ মিছিল

# ঢাকা ভার্সিটিতে ছাত্র সংঘর্ষ ঃ ভাংচুর গুলি বোমা

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

মঙ্গলবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দু'টি ছাত্র সংগঠনের মধ্যে এক সংঘর্ষে একজন ছাত্র আহত হয়েছেন। সংঘর্ষ চলাকালে দু'টি হলের ৪টি কক্ষে ভাঙচুর হয় এবং এসব কক্ষের বিছানাপত্র, কাপড়-চোপড়, বই-খাতা একত্র করে আগুন ধরিয়ে দেয়া হয়। এই সময় ক্যাম্পাসে ৮/৯ রাউন্ড গুলি ও বোমা বিস্ফোরণের শব্দ শোনা যায়।

ছাত্রী মিছিলে হামলার বিচার দাবী করে ছাত্রলীগ (না-শ) রাত ১১ টায় ক্যাম্পাসে একটি মিছিল বের করে। মিছিলটি জিয়া হলের সামনে গেলে হল থেকে মিছিল লক্ষ্য করে গুলি ছোড়া হয়। এরপর হল এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে।

কিছুক্ষণ পর ক্যাম্পাসে ছাত্রলীগ (না-শ) ও জাতীয়তাবাদী ছাত্রদল কর্মীদের মধ্যে ধাওয়া পাল্টা-ধাওয়া শুরু হয়। এই সময় হল এলাকায় ৮/৯ রাউন্ড গুলি ও বোমা বিস্ফোরিত হয়।

সংগঠন দু'টির মধ্যে ধাওয়া ও পাল্টা ধাওয়া চলাকালে জিয়া হলে ছাত্রলীগ (না-শ) সমর্থকদের তিনটি কক্ষ এবং বঙ্গবন্ধু হলে একটি কক্ষ ভাঙচুর এবং এসব কক্ষের বিছানাপত্র ও বই খাতা হলের বাইরে এনে আগুন লাগিয়ে দেয়া হয়। এসময় মহসিন হলে একজন ছাত্রলীগ (না-শ) কর্মীকে বেদম প্রহার করা হয়। পরে পুলিশ এসে তাকে উদ্ধার করে হাসপাতালে পাঠিয়ে দেয়।

ঘটনার প্রতিবাদে গতকাল বুধবার ছাত্রলীগ (না-শ) ও জাতীয়তাবাদী ছাত্রদল পৃথক পৃথক সমাবেশ ও বিক্ষোভ মিছিল বের করে।

অপরাজেয় বাংলার পাদদেশে আয়োজিত ছাত্রলীগের (না-শ) সমাবেশে বক্তৃতা করেন ছাত্রনেতা শফি আহমদ। তিনি ঘটনার জন্য জাতীয়তাবাদী ছাত্রদল কর্মীদের দায়ী করেন।

অপরদিকে জাতীয়তাবাদী ছাত্রদলের সমাবেশে মঙ্গলবার রাতের অপ্রীতিকর ঘটনার জন্য "১৯৭৩-৭৪ সালে যারা ক্যাম্পাসে সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছিল" তাদের দায়ী করা হয়। এতে বক্তৃতা করেন ছাত্রনেতা গৌতম মিত্র ও রফিকুল ইসলাম জনু।

### ঘটনার প্রতিবাদে বিবৃতি

ডাকসু'র ভিপি আমান উল্লাহ আমান ও জি...

বিবৃতিতে ...

ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। ডাকসু নেতৃদ্বয় ঘটনার সংগে জড়িত ব্যক্তিদের শাস্তি দাবী করেন। এছাড়া পৃথক বিবৃতিতে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ও ছা...

নিন্দা করেছেন।

### ছাত্রী মিছিলে হামলাকারীদের বিচারের দাবীতে সমাবেশ

ছাত্রী মিছিলে হামলাকারীদের বিচারের দাবীতে গতকাল বুধবার বিভিন্ন ছাত্র জোট ও সংগঠন পৃথক সমাবেশ ও মিছিল বের করে।

অপরাজেয় বাংলার পাদদেশে ৯টি ছাত্র সংগঠন আয়োজিত সমাবেশে বক্তৃতা করেন জহির উদ্দিন স্বপন, আব্দুস সাত্তার খান, সুজা উদ্দিন জাফর। সমাবেশে ছাত্রী মিছিলে হামলার বিচার দাবীতে পরবর্তী কর্মসূচী ঘোষণা করা হয়। কর্মসূচীর মধ্যে রয়েছে ২৫শে আগস্ট বিক্ষোভ সমাবেশ এবং ১০ই সেপ্টেম্বর স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের সামনে বিক্ষোভ প্রদর্শন।

ছাত্রলীগ (হা-অ) আয়োজিত সমাবেশে বক্তৃতা করেন ছাত্রনেতা হাবিবুর রহমান হাবিব। সমাবেশে ছাত্রী মিছিলে বিচারের দাবীতে ৯টি ছাত্র সংগঠনের অনুরূপ কর্মসূচী ঘোষণা করা হয়।